# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৭৯

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ যে সম্প্রদায় কোন এক স্থানে বসে এবং আল্লাহ্‌র যিকর করে, তাদের ফযীলত

باب مَا جَاءَ فِي الْقَوْمِ يَجْلِسُونَ فَيَذْكُرُونَ اللَّهَ عَزَّ وَجَلَّ مَا لَهُمْ مِنَ الْفَضْلِ .

---

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا مَرْحُومُ بْنُ عَبْدِ الْعَزِيزِ الْعَطَّارُ، حَدَّثَنَا أَبُو نَعَامَةَ، عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ خَرَجَ مُعَاوِيَةُ إِلَى الْمَسْجِدِ فَقَالَ مَا يُجْلِسُكُمْ قَالُوا جَلَسْنَا نَذْكُرُ اللَّهَ قَالَ آللَّهِ مَا أَجْلَسَكُمْ إِلاَّ ذَاكَ قَالُوا وَاللَّهِ مَا أَجْلَسَنَا إِلاَّ ذَاكَ . قَالَ أَمَا إِنِّي مَا أَسْتَحْلِفُكُمْ تُهَمَةً لَكُمْ وَمَا كَانَ أَحَدٌ بِمَنْزِلَتِي مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَقَلَّ حَدِيثًا عَنْهُ مِنِّي إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم خَرَجَ عَلَى حَلْقَةٍ مِنْ أَصْحَابِهِ فَقَالَ " مَا يُجْلِسُكُمْ " . قَالُوا جَلَسْنَا نَذْكُرُ اللَّهَ وَنَحْمَدُهُ لِمَا هَدَانَا لِلإِسْلاَمِ وَمَنَّ عَلَيْنَا بِهِ . فَقَالَ " آللَّهِ مَا أَجْلَسَكُمْ إِلاَّ ذَاكَ " . قَالُوا آللَّهِ مَا أَجْلَسَنَا إِلاَّ ذَاكَ . قَالَ " أَمَا إِنِّي لَمْ أَسْتَحْلِفْكُمْ لِتُهْمَةٍ لَكُمْ إِنَّهُ أَتَانِي جِبْرِيلُ فَأَخْبَرَنِي أَنَّ اللَّهَ يُبَاهِي بِكُمُ الْمَلاَئِكَةَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَأَبُو نَعَامَةَ السَّعْدِيُّ اسْمُهُ عَمْرُو بْنُ عِيسَى وَأَبُو عُثْمَانَ النَّهْدِيُّ اسْمُهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَلٍّ .

বাংলা

৩৩৭৯. মুহাম্মদ ইবন বাশশার ...... আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেনঃ মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু এক দিন বের হয়ে মসজিদে এসে বললেনঃ তোমরা কি উদ্দেশ্যে বসে আছ?

লোকেরা বললঃ আমরা বসে আল্লাহর যিকর করছি। তিনি বললেনঃ আল্লাহর কসম! তোমরা কি এ উদ্দেশ্যেই বসেছ? তারা বললঃ আল্লাহর কসম! আমরা এ উদ্দেশ্যেই এখানে বসেছি। তিনি বললেনঃ তোমাদের প্রতি সন্দেহবশত আমি তোমাদের কসম দেইনি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আমার যে স্থান ছিল সেই শ্রেণীর সাহাবীদের মধ্যে আমার চেয়ে কম হাদীস বর্ণনাকারী আর কেউ নেই।

শোন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার সাহাবীদের এক হালকায় (গোল হয়ে উপবিষ্ট লোকদের

দলে) বের হয়ে এলেন। বললেনঃ তোমরা কি উদ্দেশ্যে বসেছ? তারা বললঃ আমরা বসে আল্লাহর যিকির করছি। তার প্রশংসা করছি। কেননা তিনিই আমাদের ইসলামের হিদায়াত দান করেছেন এবং এই নিয়ামত দ্বারা আমাদের অনুগৃহীত করেছেন।

তিনি বললেনঃ আল্লাহর কসম! এ ছাড়া অন্য কোন উদ্দেশ্যে এখানে বসনি? তারা বললঃ আল্লাহর কসম! এছাড়া অন্য কোন উদ্দেশ্যে এখানে বসিনি। তিনি বললেনঃ শোন, তোমাদের প্রতি কোনরূপ সন্দেহবশত আমি তোমাদের কসম দেইনি। আমার কাছে জিবরীল (আঃ) এসেছিলেন এবং আমাকে জানিয়ে গেছেন যে আল্লাহ তা’আলা ফিরিশতাদের কাছে তোমাদের নিয়ে মর্যদা বর্ণনা করছেন।

সহীহ, মুসলিম ৮/৭২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৭৯ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান- গারীব। এ সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। আবু না’আমা সা’দী (রহঃ) এর নাম হল আমর ইবন ঈসা এবং আবু উছমান নাহদী (রহঃ) এর নাম হল আবদুর রহমান ইবন মাল্ল।

## English

Abu Sa’eed Al Khudri narrated the:
Mu’awiyah came out to the Masjid and said: “What has caused you to gather for this sitting.” They said: “We gathered so that we may remember Allah.” He said, “By Allah, nothing caused you to gather for this sitting except for that?” They said, “By Allah, nothing caused us to gather for this sitting except for that.” He said: “Indeed, I did not ask you out of suspicion, and there was no one in the position I was from the Messenger of Allah who narrates less Ahadith from him than me. Indeed the Messenger of Allah came out upon a circle of his Companions and said: ‘what has caused you to gather for this sitting?’ They said: ‘We have gathered for this sitting to remember Allah, and praise Him for His having guided us to Islam, and having bestowed blessings upon us.’ So he said: ‘By Allah, nothing caused you to gather for this sitting except for that?’ He said: ‘Indeed, I did not ask you out of suspicion, verily Jibra’il came to me and informed me that Allah boasts of you to the angels.’”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38770

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন